

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ইশা ও ফজরের জামা'আতে উপস্থিত হয় না, তার ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে কঠোর হুশিয়ারী দিয়েছেন, তার দ্বারা উদ্দেশ্য কী সেই মর্মে হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا أَرَادَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتِعْمَالَ التَّغْلِيظِ عَلَى مَنْ تخلّف عَنْ حُضنُورِهِ صلَلاةَ الْعِشَاءِ وَالْغَدَاةِ فِي جَمَاعَةِ

আরবী

2093 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيد بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أحمد بن أبي بكر عن مالك عن أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ إِن رسول الله صلى الله عليه وسلم قَالَ: (وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِحَطَبِ فَيُحطب ثُمَّ آمُرَ بِالصَّلَاةِ فيؤذِّن لَهَا ثُمَّ آمُرَ رَجُلًا فَيُومُ النَّاسَ ثُمَّ أُخالف إِلَى رِجَالٍ فَأُحَرِّقَ عَلَيْهِمْ بُيُوتَهُمْ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ يَعْلَمُ فَيَوُمُّ النَّاسَ ثُمَّ أُخالف إِلَى رِجَالٍ فَأُحَرِّقَ عَلَيْهِمْ بُيُوتَهُمْ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ يَعْلَمُ أَحَدُهُمْ أَنَّهُ يَجِدُ عَظْمًا سَمِينًا أَوْ مِرماتين حَسَنتَيْنِ لَشَهِدَ العِشَاء) المصدر: التعليقات الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2093 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 2093 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود))

বাংলা

২০৯৩. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ, আমার ইচ্ছা হয় যে, আমি লাকড়ী সংগ্রহ করার আদেশ দেই, তারপর তা সংগ্রহ করা হয়, তারপর আমি আদেশ করি সালাত আদায় করার জন্য ফলে সালাতের জন্য আযান দেওয়া হবে, অতঃপর আমি একজনকে সালাতের ইমামতি করার নির্দেশ দেই তারপর আমি ঘুরে ঘুরে জামা'আতে অনুপস্থিত ব্যক্তিদের দেখি অতঃপর তাদের বাড়ি জ্বালিয়ে দেই! ঐ সত্তার কসম, যদি তাদের কেউ জানতো যে, সে মোটা একটি মাংসল হাডিচ অথবা পায়ের সুন্দর দুটো হাডিচ পাবে, তবে সে অবশ্যই ইশার সালাতে উপস্থিত হতো।"[1]



ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৯১; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২৯-১৩০; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১২৩-১২৪; সহীহ আল বুখারী: ৬৪৪; নাসাঈ: ২/১০৭; আবৃ আওয়ানা: ২/৬; সুনান বাইহাকী: ৩/৫৫; হুমাইদী: ৯৫৬; মুসনাদ আহমাদ: ২/২৪৪; ইবনুল জারূদ: ৩০৪; সহীহ মুসলিম: ৬৫১; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৪৮১; দারেমী: ১/২৯২; মুসান্নাফ আব্দুর রায্যাক: ১৯৮৫; তিরমিযী: ২১৭; আবৃ দাউদ: ৫৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন